



মানবিক কার্যক্রমের মাধ্যমে সচেতনতা প্রকল্প (আহা!)

অ্যাওয়ারেনেস উইথ হিউম্যান একশন (আহা!) প্রজেক্টের উদ্দেশ্য দ্বন্দ্ব প্রতিরোধ ও সামাজিক সংহতির মাধ্যমে বাংলাদেশ, শ্রীলঙ্কা, পাকিস্তান এবং সামগ্রিকভাবে দক্ষিণ এশিয়ার কোভিড-১৯ সহায়তা কার্যক্রমে অবদান রাখা। এই প্রজেক্টের মূল লক্ষ্য সেসব উদ্যোগকে সহায়তা করা যারা কোভিড-১৯ সচেতনতা সৃষ্টি ও গঠনমূলক বিশ্লেষণের উদ্দেশ্যে কাজ করছে যা বৈষম্য, ঘণামূলক বক্তব্য (হেইট স্পিচ) এবং কোনো সম্প্রদায়ের বিরুদ্ধে অপবাদ হ্রাসে সহায়তা করবে; ধর্মীয় নেতা, নারী এবং তরুণ নেতা যারা সামাজিক প্রভাব ফেলতে সক্ষম, তারাই এই প্রজেক্টের প্রাথমিক লক্ষ্য। এই প্রজেক্ট মূলতঃ সেসব সামাজিক প্রভাবসম্পন্ন নেতাদের নিয়ে কাজ করবে, বিশেষ করে ধর্মীয়, নারী এবং তরুণ নেতা, যাতে করে তারা প্রকৃত তথ্য বা বার্তা সমাজে প্রচার করতে পারে এবং একই সাথে মানবিক সংহতি ছড়িয়ে দিতে পারে। এই শান্তিকামী নেতারা এই ভয়াবহ মহামারীকে বিবেচনা করে এবং ভুল তথ্য ও ঘণামূলক বক্তব্যের তাৎক্ষণিক প্রতিবাদের প্রয়োজনীয়তা অনুধাবন করে বিভিন্নভাবে, বিশেষ করে একজন সহনশীল সামাজিক প্রভাবক অথবা অভিমত প্রদানকারী অথবা নতুন পন্থার সঞ্চালক হিসেবে ভূমিকা পালন করতে পারে।

আহা! ক্ষুদ্র অনুদান এবং সামর্থ্য উন্নয়ন (ক্যাপাসিটি বিল্ডিং) প্রকল্প মূলতঃ তিন টি উপাদানের সমন্বয়ে গঠিত :

- ১. ক্ষুদ্র অনুদান প্রদান :** বাংলাদেশ, শ্রীলঙ্কা, পাকিস্তান এবং সামগ্রিকভাবে দক্ষিণ এশিয়ায় বৈষম্য, হেইট স্পিচ এবং বিশেষ সম্প্রদায়ের বিপক্ষে অপবাদ রোধকল্পে কোভিড-১৯ বিষয়ে সচেতনতা এবং বিশ্লেষণধর্মী আলোচনা প্রচারকারী বিভিন্ন কমিউনিটি লেভেলের উদ্যোগকে ৫০টি ক্ষুদ্র অনুদান প্রদান করা হবে।
- ২. সামর্থ্য উন্নয়ন এবং সহযোগিতামূলক শিক্ষা:** ক্ষুদ্র অনুদানগ্রহীতা একটি বছরব্যাপী অনলাইন ক্যাপাসিটি বিল্ডিং এবং পিয়ার-লারনিং প্রক্রিয়ায় অংশগ্রহণ করবে, যার মাধ্যমে তাদের কোভিড-১৯ বিষয়ক সচেতনতা, জ্ঞান, বোধগম্যতা এবং বৈষম্য ও হেইট স্পিচ প্রতিরোধে কৌশলগত জ্ঞান বৃদ্ধি পাবে; তাদের ব্যবস্থাপনা, আউটরিচ, নেটওয়ার্কিং এবং এডভোকেসি সামর্থ্যের উন্নয়ন হবে; একই সাথে জাতীয় এবং আঞ্চলিক পর্যায়ে সহযোগিতার ক্ষেত্র আরও শক্তিশালী হবে যা তাদের সমন্বয়, যোগাযোগ এবং পিয়ার-লারনিং সক্ষমতাকে জোরদার করবে।
- ৩. ডিজিটাল সামর্থ্য জোরদার:** প্রার্থীরা তাদের ডিজিটাল সামর্থ্য জোরদারের উদ্দেশ্যে বিশেষ ডিজিটাল ক্যাম্পেইন এবং শান্তি-প্রযুক্তি প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারবে। ৫০ জন প্রার্থী হতে ২০ জন প্রার্থীকে এই বিশেষ সহায়তার জন্য নির্বাচন করা হবে। নির্বাচিত প্রার্থীদের বিভিন্ন অনলাইন সন্মেলনের মাধ্যম যেমন জুম, গো-টু মিটিং, টিমস, স্ল্যাক ইত্যাদির উপর বিশেষ প্রশিক্ষণ প্রদান করা হবে যা তাদের নেটওয়ার্কিং এবং যোগাযোগের বিস্তৃতিতে বিশেষ ভূমিকা রাখবে।

ক্ষুদ্র অনুদানের কর্মপরিকল্পনা প্রস্তাবনার উপর ভিত্তি করে এই কার্যক্রমে অংশগ্রহণকারীদের নির্বাচিত করা হবে।

অনুমোদিত কার্যক্রমের তালিকা:

- আত্মবিশ্বাস-তৈরি, সংলাপ, সামর্থ্য উন্নয়ন এবং কোভিড ১৯ বিষয়ে সচেতনতা সৃষ্টি করে যা প্রকৃত তথ্য প্রচার এবং ভুল তথ্য বিস্তারকে প্রতিহত করে, কমিউনিটি পর্যায়ে এ জাতীয় কার্যক্রম;
- তথ্য আদান-প্রদান এবং ঘণামূলক বক্তব্য, বৈষম্য ও অপবাদের বিরোধিতা, এবং কোভিড-১৯ মহামারীকালীন এবং পরবর্তীতে সম্প্রীতি প্রচারণার পদ্ধতি।
- স্থানীয় বা জাতীয় স্তরের কর্তৃপক্ষ, স্বাস্থ্য খাত, মিডিয়া, পাশাপাশি অন্যান্য জাতীয়, আঞ্চলিক এবং আন্তর্জাতিক স্টেকহোল্ডারদের সংঘাত-সংবেদনশীল নীতি কাঠামো, কৌশল এবং নকশার রূপায়ণ ও প্রয়োগ সম্পর্কিত অংশীদারিত্বের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণে অংশীদারিত্ব বৃদ্ধি এবং কোভিড-১৯ মহামারী চলাকালীন এবং পরবর্তীতে ঘণামূলক বক্তব্য, ভুল তথ্য এবং বৈষম্য মোকাবেলার পরিকল্পনা কর্মসূচী।
- কোভিড-১৯ মহামারীকালীন এবং পরে বিভিন্ন সামাজিক, রাজনৈতিক বা ধর্মীয় বিভাজন রোধে বোঝাপড়া, সহনশীলতা এবং সামাজিক সংহতি প্রচারের লক্ষ্যে আলোচনা ও আত্মবিশ্বাস বাড়ানোর ব্যবস্থা;
- কোভিড-১৯ মহামারীকালীন এবং পরবর্তীতে মিডিয়া এবং স্ট্রাটেজিক কমিউনিকেশন কার্যক্রম যা মিডিয়া লিটারেসি, ঘণামূলক বক্তব্য বা হেইট স্পিচ এবং মিথ্যা প্রস্তাপনের বিরুদ্ধে সমালোচনামূলক চিন্তাভাবনা, সহনশীলতা এবং অহিংসতার প্রচার করবে;
- কোভিড-১৯ মহামারীকালীন এবং পরবর্তীতে বিভিন্ন কমিউনিটিকে লক্ষ্য করে আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক শান্তি-শিক্ষা কার্যক্রম যার উদ্দেশ্য একটি শান্তিময় সংস্কৃতির প্রচার, আন্তঃসাংস্কৃতিক সংলাপ এবং সহযোগিতা, বৈচিত্র্য ও সহনশীলতার প্রতি সম্মান, যার মাঝে রয়েছে: সাংস্কৃতিক বৈচিত্র্য, মধ্যস্থতা, আপস-আলোচনা, বিরোধ নিষ্পত্তি, ঐকমত্য গঠন, ইতিবাচক সামাজিক রীতি এবং সংশ্লিষ্ট ও নির্দিষ্ট প্রাসঙ্গিক শিক্ষাকে একীভূতকরণ, ইত্যাদিতে দক্ষতা বৃদ্ধি,

এই অনুদান দ্বারা সমর্থিত উদ্যোগগুলি অবশ্যই ২০২০ সালের নভেম্বরে শুরু হতে হবে এবং এগুলির দৈর্ঘ্য ৪ মাস থেকে ৯ মাস পর্যন্ত হতে পারে। এগুলো হতে পারে নতুন উদ্যোগ অথবা পূর্ব অভিজ্ঞতা হতে প্রাপ্ত পন্থার উপর ভিত্তি করে কোনো উদ্যোগ।

ক্ষুদ্র অনুদান-গ্রহীতা নির্বাচন করা হবে প্রস্তাবিত আবেদনের মাঝে যেগুলোর প্রভাব এবং প্রসারের সম্ভাবনাময়তা সর্বাধিক, প্রচেষ্টার সময়োপযোগীতা, তাদের বর্তমান এবং প্রস্তাবিত কাজের গুণমান এবং তাদের প্রস্তাবিত কাজের উদ্ভাবনী মূল্য এবং সংযোজিত উপাদানের মানের উপর ভিত্তি করে। আবেদনটি প্রতিযোগিতামূলক করতে হলে প্রয়োজন :

- বিদ্যমান ইস্যু-সংক্রান্ত সচেতনতা এবং কমিউনিটির যেসব প্রয়োজনীয়তা নিয়ে উদ্যোগটি কাজ করবে তার বর্ণনা।
- উদ্যোগের উদ্দেশ্য এবং এর সাথে সম্পর্কিত কার্যকলাপের বর্ণনা
- কীভাবে উদ্যোগের লক্ষ্যসমূহ অর্জনের মাধ্যমে মহামারী এবং এ সংক্রান্ত ঘণামূলক বক্তব্য, ভুল তথ্য এবং বৈষম্য প্রতিরোধের জন্য কমিউনিটি পর্যায়ে প্রতিক্রিয়া বৃদ্ধি পাবে তার বর্ণনা
- কিভাবে উদ্যোগটি প্রয়োজনীয়তার ভিত্তিতে (নারী পুরুষ নির্বিশেষে) কমপক্ষে ৫০ জনের কাছে পৌঁছাবে তার বর্ণনা।
- কীভাবে উদ্যোগটি নারী, তরুণ এবং/অথবা ধর্মীয় নেতা বা প্রভাবকদের মাধ্যমে হিসেবে কাজে লাগাবে তার স্পষ্ট বর্ণনা
- উদ্যোগের প্রয়োজনীয়তা ও কতটুকু জরুরী, তার উপর ভিত্তি করে সময়কালের (টাইমলাইন) প্রস্তাবনা।
- উদ্যোগটির বাস্তবায়ন কীভাবে সংঘাত সংবেদনশীলতা (“কারো ক্ষতি নয়”) এবং অন্তর্ভুক্তি, বিশেষ করে লিঙ্গ সমতা এবং/ অথবা তরুণদের অংশগ্রহণকে বিবেচনা করে তার বর্ণনা।
- কর্মকাণ্ডগুলো কীভাবে দীর্ঘমেয়াদে সামাজিক স্থিতিশীলতা এবং সংহতিতে অবদান রাখবে তার বর্ণনা।
- পরিকল্পিত উদ্যোগ কীভাবে অনলাইন যোগাযোগ বা অন্যান্য উদ্ভাবনী পদ্ধতি ব্যবহার করবে তার বর্ণনা।
- এইরূপ কার্যক্রম বাস্তবায়নে ব্যক্তি বা সংস্থার পূর্ব অভিজ্ঞতা এবং দক্ষতা থাকলে এবং অনুরূপ অনুদান পরিচালনার ক্ষেত্রে কোনও পূর্ব অভিজ্ঞতা থাকলে তার বর্ণনা।

- কার্যক্রমের সময়কালের সাথে সামঞ্জস্য রেখে এবং যথাযথ আর্থিক মান বজায় রেখে মোট প্রস্তাবিত ব্যয় (বাজেট)।

ধর্মীয়, ভৌগলিক, লিঙ্গ এবং বয়সের বৈচিত্র্যে ভারসাম্যতা রক্ষা করা গুরুত্বপূর্ণ এবং প্রয়োজনীয় বিধায় নির্বাচন প্রক্রিয়ায় তা বিবেচিত হবে

যেসব ব্যক্তি বা সংস্থা ক্ষুদ্র অনুদান পেতে পারে তা নিম্নরূপ:

অবস্থান/দেশ	দেশভিত্তিক মোট অনুদান	ব্যক্তি এবং সংস্থার সর্বনিম্ন এবং সর্বাধিক মাত্রা
বাংলাদেশ	১৫	সর্বনিম্ন ২০০০ ইউরো থেকে সর্বোচ্চ ৫০০০ ইউরো করে সর্বমোট ৩০টি অনুদান ব্যক্তি কর্তৃক আভ্যন্তরীণ কমিউনিটি উদ্যোগকে প্রদান করা হবে
পাকিস্তান	১৫	সর্বনিম্ন ৩০০০ ইউরো থেকে সর্বোচ্চ ১০০০০ ইউরো করে সর্বমোট ১৫টি অনুদান সংস্থা কর্তৃক আভ্যন্তরীণ কমিউনিটি উদ্যোগকে প্রদান করা হবে
শ্রীলংকা	১৫	
দক্ষিণ এশিয়া আঞ্চলিক	৫	সর্বনিম্ন ২০০০ ইউরো থেকে সর্বোচ্চ ৫০০০ ইউরো করে সর্বমোট ৫টি সংস্থাকে অনুদান প্রদান করা হবে
সর্বমোট	৫০টি অনুদান	

- বাংলাদেশ, পাকিস্তান এবং শ্রীলংকার কমিউনিটি নেতা এবং প্রভাবক ব্যক্তিস্ব;
- কমিউনিটি নেতা এবং প্রভাবশালী যারা আঞ্চলিকভাবে কোভিড-১৯ কেন্দ্রিক ঘণামূলক বক্তব্য, বৈষম্য এবং অপবাদ কমাতে এবং সামাজিক সংহতি ও শান্তি প্রতিষ্ঠায় নিয়োজিত আছেন অথবা বাস্তবায়নে আগ্রহী;
- প্রচলিত, ধর্মীয়, নারী এবং তরুণ গোষ্ঠী নেতা, কমিউনিটি-কেন্দ্রিক সংস্থা, ধর্মীয় পরিষদ ও সমিতি, স্থানীয় সিএসও এবং নেটওয়ার্ক; অথবা নিজস্ব উদ্যোগে কমিউনিটি কর্মী এবং প্রভাববিস্তারকারী (এবং হতে ইচ্ছুক) ব্যক্তি;
- বাংলাদেশ, পাকিস্তান, শ্রীলংকা, বা দক্ষিণ এশিয়ার অন্যান্য দেশ যেমন নেপাল বা ভারতবর্ষে নিবন্ধিত সংস্থা।

আগ্রহী ব্যক্তি বা সংস্থাকে আবেদন ফর্মের মাধ্যমে তাদের আবেদন জমা দিতে হবে।

বাংলাদেশীরা আবেদন করুন (ব্যক্তি ও সংস্থা) : [লিংক](#)

আমরা অনলাইন লিংকের মাধ্যমে আবেদন জমা দেওয়ার আগে অগ্রিম প্রস্তুতি নেওয়ার পরামর্শ দিই। আবেদন ফর্মটি পিডিএফ ডকুমেন্ট হিসাবে পাওয়া যাবে **এখানে**। বিশেষ ক্ষেত্রে ইমেইলের মাধ্যমে জমাকৃত আবেদন গ্রহন করা হবে।

আবেদন প্রক্রিয়া সংক্রান্ত যেকোনো প্রশ্নের জন্য যোগাযোগ করুন প্রকল্প সমন্বয়কারী জনাব সাইমন ওয়েল (simon.woell@kua.fi) ১১ অক্টোবর ২০২০ এর মধ্যে

আবেদনের শেষ সময় মঙ্গলবার, ২০ অক্টোবর ২০২০ বাংলাদেশ সময় রাত ১১টা

আহা! ক্ষুদ্র অনুদান ও সামর্থ্য উন্নয়ন কর্মসূচী অংশীদারদের সমন্বিত সংস্থা দ্বারা বাস্তবায়িত হচ্ছে, যার অন্তর্গত নেটওয়ার্ক ফর রেলিজিয়াস অ্যান্ড ট্র্যাডিশনাল পিসমেকার্স / ফিন চার্চ এইড, ওয়ার্ল্ড ফেইথস ডেভেলপমেন্ট ডায়ালগ, সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিস - ব্র্যাক বিশ্ববিদ্যালয়, সেন্টার ফর কমিউনিকেশন অ্যান্ড ডেভেলপমেন্ট অফ বাংলাদেশ, ইসলামিক রিলিফ ওয়ার্ল্ডওয়াইড, ইয়ুথ ডেভেলপমেন্ট ফাউন্ডেশন এবং লক্ষা জাতিকা সারভোদায়া শ্রামাদানা সঙ্গামায়া। প্রকল্পটির অর্থায়নে ইউরোপীয় ইউনিয়ন এবং এশিয়া মুসলিম অ্যাকশন নেটওয়ার্ক, ইন্টারন্যাশনাল নেটওয়ার্ক অফ এনগেজড বুদ্ধিস্ট, ইউনাইটেড নেটওয়ার্ক অব ইয়ং পিসবিল্ডার্স এবং কেএআইসিআইআইডি ডায়ালগ সেন্টার দ্বারা সমর্থিত।

